

২০২০

বাংলা

(প্রোগ্রাম)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

চতুর্থ সেমিস্টার

কোর্স কোড : BNGP-CC-T-4

(বাংলা উপন্যাস, নাটক ও প্রবন্ধ)

পূর্ণমান : ৬০

সময় : ২½ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $২ \times ১০ = ২০$
- ক) ‘আমি মরিলেই সব ফুরাইবে’ — কার মনে, কেন এইরূপ ভাবনার উদয় হয়েছিল?
- খ) ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসটি গ্রন্থাকারে কত সালে কতগুলি পরিচ্ছেদে প্রকাশিত হয়েছিল?
- গ) ‘মাধব দত্তের বড় বাড় বেড়েছে দেখছি’ — মাধব দত্ত কে? তাঁর সম্পর্কে এইরূপ মন্তব্যের কারণ কী?
- ঘ) ‘বিবেচনা ও অবিবেচনা’ প্রবন্ধ কোন্ সালে রচিত? প্রবন্ধটি কোন্ প্রবন্ধ গ্রন্থের অন্তর্গত?

- ঙ) ‘চিত্রকলা বাংলাদেশে চলিত ছিল দু-ভাবে’ — এই দুই ভাবের উল্লেখ করো।
- চ) ‘এরূপ বিভাগ না হইলে বিপদ ঘটিত’ — অংশটি কোথা থেকে নেওয়া হয়েছে? এখানে কোন্ বিপদের কথা বলা হয়েছে?
- ছ) ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসে দ্বিতীয় পত্রটি কে, কার কাছে লিখেছিল?
- জ) ‘Illusion and Reality’ এবং ‘Short History of Culture’ গ্রন্থদুটির রচয়িতার নাম লেখো।
- ঝ) ‘এই শ্রেণীর লোক আজকাল অনেক দেখা যায়’ — এখানে কোন্ শ্রেণীর লোকের কথা বলা হয়েছে?
- ঞ) ‘ডাকঘর’ নাটকে যে বালিকাটির পরিচয় পাই তাঁর নাম এবং তাঁর মায়ের নাম লেখো।
- ট) ‘রোহিণী সে রাত্রে ঘুমাইল না’ — সে রাত্রে রোহিণীর না ঘুমানোর কারণ কী?
- ঠ) ‘ডাকঘর’ নাটকে অমলের কল্পনায় দইওয়ালার গ্রামটি কোথায় ছিল?
- ড) ‘দুটি মোটা পথ ছিল’ — মোটা পথ দুটি কী কী?
- ঢ) ‘সব ছবিরই দুটো দিক থাকে’ — এখানে কোন্ দুটি দিকের কথা বলা হয়েছে?
- ণ) ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসে কৃষ্ণকান্তের কয়টি সন্তান ছিল? তাদের নাম উল্লেখ করো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ৪ = ২০$

- ক) ‘আপনার বুদ্ধি-শুদ্ধি লোপ পাইয়াছে’ — কে, কাকে একথা বলেছিল? কেন বলেছিল?
- খ) ‘বাংলার ছোটো ঐতিহ্যের ধারায় রবীন্দ্রনাথের বিরাট আবির্ভাব একটা প্রাকৃতিক ঘটনা’ — উক্তিটি কোন্ প্রবন্ধের অংশ? বক্তব্যটির অর্থ প্রবন্ধ অনুসারে বিশ্লেষণ করো।
- গ) চার দেওয়ালে বন্দী অমলকে বাইরের কোন্ কোন্ ঘটনা ও দৃশ্য তাকে মুক্ত জীবনের খোঁজ দিত, ‘ডাকঘর’ নাটক অবলম্বনে বুঝিয়ে দাও।
- ঘ) ‘সেই বন্যার বেগ কমিয়া আসিয়াছে।’ — এখানে কোন্ বন্যার কথা বলা হয়েছে তা ব্যাখ্যা করো।
- ঙ) যামিনী রায় অন্যান্য দেশের চিত্রকলার সঙ্গে বাংলার পটুয়া চিত্রকলার যে পার্থক্য করেছেন তা নিজের ভাষায় লেখো।
- চ) ‘হে দেবতা। হে দুর্গা - হে কালী - হে জগন্নাথ - আমায় সুমতি দাও’ — উক্তিটির বক্তা কে? বক্তা কেন সুমতি চাইছে?

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ২ = ২০$

- ক) রবীন্দ্রনাথের ‘ডাকঘর’ রূপক না সাক্ষেতিক নাটক? এ বিষয়ে তোমার অভিমত লেখো।
- খ) ‘পটুয়া শিল্প’ প্রবন্ধ অনুসারে বাংলার পটুয়া শিল্পের পরিচয় দাও।
- গ) ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাস অবলম্বনে গোবিন্দলালের চরিত্র বিশ্লেষণ করো।

ঘ) রবীন্দ্রনাথ কীভাবে ‘বিবেচনা ও অবিবেচনা’ প্রবন্ধে ‘অবিবেচনার বেগের’ সঙ্গে ‘বিবেচনার সংযম’ দেখিয়েছেন তা বুঝিয়ে দাও।